

সর্বজনীন পেনশন স্কিম



প্রগতি স্কিম

চাকরি করি বেসরকারি পেনশন স্কিমে আমিও আছি

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মকর্তা/কর্মচারীদের জন্য এ সুবিধা। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে মাসিক জমার ৫০ শতাংশ কর্মকর্তা/কর্মচারী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।

মাসিক জমার হার	২,০০০ টাকা	৩,০০০ টাকা	৫,০০০ টাকা	১০,০০০ টাকা
জমা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৬৮,৯৩১	১,০৩,৩৯৬	১,৭২,৩২৭	৩,৪৪,৬৫৫
৪০	৫৮,৪০০	৮৭,৬০১	১,৪৬,০০১	২,৯২,০০২
৩৫	৩৮,৩৭৪	৫৭,৫৬১	৯৫,৯৩৫	১,৯১,৮৭০
৩০	২৪,৯৩২	৩৭,৩৯৮	৬২,৩৩০	১,২৪,৬৬০
২৫	১৫,৯১০	২৩,৮৬৪	৩৯,৭৭৪	৭৯,৫৪৮
২০	৯,৮৫৪	১৪,৭৮০	২৪,৬৩৪	৪৯,২৬৮
১৫	৫,৭৮৯	৮,৬৮৩	১৪,৪৭২	২৮,৯৪৪
১০	৩,০৬০	৪,৫৯১	৭,৬৫১	১৫,৩০২

- ▶ ১৮ থেকে ৫০ বছর বয়সের কর্মকর্তা/কর্মচারী প্রগতি স্কিমে অংশগ্রহণ করতে পারবেন এবং ৬০ বছর পূর্তিতে পেনশন প্রাপ্য হবেন। তবে বিশেষ বিবেচনায় ৫০ বছরের উর্ধ্বে কেউ অংশগ্রহণ করলে তাকে নিরবচ্ছিন্নভাবে ১০ বছর চাঁদা প্রদান করতে হবে।
- ▶ পেনশনারগণ আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- ▶ পেনশনে থাকাকালীন ৭৫ (পঁচাত্তর) বছর পূর্ণ হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে পেনশনারের নমিনি অবশিষ্ট সময়কালের (মূল পেনশনারের বয়স ৭৫ বছর পর্যন্ত) জন্য মাসিক পেনশন প্রাপ্য হবেন।

www.upension.gov.bd

facebook.com/National Pension Authority



জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



+৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

- ▶ চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তার নমিনি বা নমিনিগণকে ফেরত দেয়া হবে।
- ▶ সর্বজনীন পেনশনের প্রগতি স্কিমে প্রদত্ত মাসিক জমার বিপরীতে কর রেয়াত পাওয়া যাবে ও মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- ▶ কোন প্রতিষ্ঠান স্কিমে অংশগ্রহণ করলে কর্মী এবং প্রতিষ্ঠানের জন্য ধার্যকৃত মাসিক চাঁদা প্রাতিষ্ঠানিক ভাবে প্রতিষ্ঠান কর্তৃক একত্রে তহবিলে জমা করতে হবে।
- ▶ পেনশন প্রাপ্তির ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে তার ব্যাংক এ্যাকাউন্টে মাসিক পেনশনের টাকা জমা হবে।

প্রগতি স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন পদ্ধতি

প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন মেনু ক্লিক করুন।

প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন তথ্য প্রদান করুন।

সকল তথ্য যথাযথ ভাবে প্রদান করা হলে সাবমিট করুন।

ইউজার পাসওয়ার্ড সেট করুন।

রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। এবার লগইন করুন।

কর্মকর্তা/কর্মচারী রেজিস্ট্রেশন পদ্ধতি

প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করে, কর্মীদের নিজ নিজ রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশনা দিন।

কর্মীরা সাধারণ পেনশনের নিয়মে তাঁদের এনআইডি দিয়ে রেজিস্ট্রেশন করবে। পেমেন্ট করার প্রয়োজন নেই, শুধু আবেদন সাবমিট করতে হবে।

কর্মীদের রেজিস্ট্রেশন শেষ হলে তাঁরা তাঁদের এনআইডির কপি প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির কাছে জমা প্রদান করবে।

দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি ওয়েবসাইটে লগইন করে এনআইডির কপি ব্যবহার করে আবেদনকারীকে প্রতিষ্ঠানের কর্মী হিসেবে সংযুক্ত করবেন।

মাসিক জমা প্রদানের পদ্ধতি

দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি পেনশন ওয়েব সাইটে লগইন করে প্রতিমাসে প্রতিষ্ঠানে সংযুক্ত সকল কর্মীর পেমেন্ট হিসাব তৈরি করবেন। তৈরিকৃত পেমেন্ট প্রিন্ট করে নিবেন।

জাতীয় পেনশন কর্তৃপক্ষের মনোনীত ব্যাংকে টাকা পরিশোধ করতে হবে।

ব্যাংকের মাধ্যমে টাকা পরিশোধ হলে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মীদের পেনশন তহবিলে টাকা জমা হয়ে যাবে। কর্মীরা নিজ নিজ পেনশন ড্যাশবোর্ডে জমাকৃত টাকার প্রতিফলন দেখতে পাবেন।



www.upension.gov.bd

search

www.upension.gov.bd

facebook.com/National Pension Authority



জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



www.upension.gov.bd